বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫ (অংশ-২)-১০৩

তারিখ: ১৩ মাঘ ১৪৩২ / ২৭ জানুয়ারি ২০২৬

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে প্রিজাইডিং অফিসারগণ কর্তৃক ডাকযোগে সরাসরি নির্বাচন কমিশনে ভোটগণনার বিবরণী প্রেরণ**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৩৬ অনুচ্ছেদের (১৫) দফার বিধান অনুসারে প্রিজাইডিং অফিসার ভোটকেন্দ্র হতে সরাসরি ডাকযোগে নির্বাচন কমিশনে ভোটগণনার বিবরণী ১(এক) কপি প্রেরণ করবেন। এক্ষেত্রে নির্বাচন কমিশন কর্তৃক সরবরাহকৃত বিশেষ খামের মাধ্যমে সাধারণ ভোটকেন্দ্র হতে জাতীয় সংসদ নির্বাচনের ভোটগণনার বিবরণী (ফরম-১৬) ও গণভোটের ভোট গণনার বিবরণী (ফরম-৩) এবং পোস্টাল ব্যালট পেপার গণনা কেন্দ্র হতে পোস্টাল ব্যালটে প্রদত্ত ভোট গণনার বিবরণী (ফরম-১৬ক) ও গণভোটের পোস্টাল ব্যালট পেপার গণনার বিবরণী (ফরম-৪) প্রেরণ করবেন। সেজন্য প্রত্যেক প্রিজাইডিং অফিসারকে ১(এক)টি করে বিশেষ খাম সরবরাহ করতে হবে। ইতোমধ্যে এ বিশেষ খাম নির্বাচন কমিশন সচিবালয় হতে সংশ্লিষ্ট জেলায় সরবরাহ করা হয়েছে।

০২। ভোট গণনার বিবরণী যথাযথভাবে নির্বাচন কমিশনে পৌঁছানোর জন্য প্রিজাইডিং অফিসারগণ উক্ত ভোট গণনার বিবরণী বীমাকৃত ডাকযোগে অথবা রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করবেন এবং প্রিজাইডিং অফিসার সংশ্লিষ্ট পোস্ট অফিস হতে প্রাপ্তি স্বীকারও গ্রহণ করবেন। তবে তার জন্য **প্রিজাইডিং অফিসার কর্তৃক অগ্রিম ডাকমাশুল পরিশোধ করার প্রয়োজন নেই** অর্থাৎ প্রিজাইডিং অফিসারের উক্ত ভোটগণনার বিবরণী প্রেরণ করার জন্য নির্ধারিত খামে কোন স্ট্যাম্প সংযোজনের প্রয়োজন হবে না। প্রয়োজনীয় ডাক মাশুল ডাক বিভাগকে ''বুক এডজাস্টমেন্ট'' এর মাধ্যমে পরিশাধ করা হবে। এ বিষয়ে প্রিজাইডিং অফিসারকে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার সুস্পষ্টভাবে নির্দেশনা দিবেন। প্রিজাইডিং অফিসারগণ জেলা ও উপজেলার প্রধান পোস্ট অফিসে অথবা ভোটকেন্দ্রের নিকটতম সুবিধাজনক অন্য কোন পোস্ট অফিসসমূহে উক্ত ভোটগণনার বিবরণী পোস্ট করবেন। ভোটগ্রহণের দিন উক্ত পোস্ট অফিসসমূহ সারা রাত প্রয়োজনবোধে পরদিন সকাল পর্যন্ত খোলা রেখে এবং তৎপরবর্তীতে অফিস সময়ের মধ্যে ডাকযোগে ভোটগণনার বিবরণী প্রেরণের বিশেষ খাম যাতে নির্বাচন কমিশন সচিবালয়ে পৌঁছানোর ব্যবস্থা করা যায় তার জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে ডাক বিভাগকে বিশেষ নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। বর্ণিতাবস্থায় উল্লিখিত বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

২৭.০১.২৬

(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-০২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩. জেলা প্রশাসক (সকল) ও রিটার্নিং অফিসার
৪. ............................................ ও সহকারী রিটার্নিং অফিসার
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ..............(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

F:\Ashraf pc doc\New Volume\election\All Letter\bibdh Letter.doc

নম্বর- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫ (অংশ-২)-১০৩

তারিখ: ১৩ মাঘ ১৪৩২
২৭ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব ................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার (সকল)
১০. উপমহাপুলিশ পরিদর্শক (সকল রেঞ্জ)
১১. মেট্রোপলিটন পুলিশ কমিশনার (সকল)
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
১৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সকল)
১৫. পুলিশ সুপার (সকল)
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার (সকল)
১৮. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয় এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয় এর সদয় অবগতির জন্য)
১৯. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................................... মহোদয় এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয় এর সদয় অবগতির জন্য)
২০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২১. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
২২. অফিসার-ইন-চার্জ (সকল থানা)

২৭/০১/২০২৬

( মোঃ শহিদুল ইসলাম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০ (অফিস)
Email: sasemc1@gmail.com